দৈনিক সংবাদ

AUG. 24 1999

তারিখ ...

পৃঃ ৪ কলাম ৭

## ছাত্রী উপবৃত্তির টাকা কিভাবে প্রদান করা হয়

মেয়েদের শিক্ষার্জনে প্রেরণা দেয়ার উদ্দেশ্যেই সরকার ষষ্ঠ শ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত ছাত্রীবেতন মওকুফসহ উপ-বৃত্তির আকারে নির্দিষ্ট নিয়মানুসারে ছাত্রী-দেরকে টাকা প্রদান করছে। বলতে হবে এটা সরকারের একটি মহৎ উদ্যোগ। সরকারের এ মহৎ উদ্যোগকে সাধুবাদ জানিয়ে একটা প্রশ্ন রাখতে চাই, আর তাহলো এসব উপবৃত্তির টাকা কি সঠিক নিয়মানুযায়ী সব ছাত্রীকে প্রদান করা হয়? তাই যদি হবে তবে চট্টগ্রাম জেলর মীরসরাই থানার ২নং হিংগুলী ইউনিয়নের প্রাণকেন্দ্রে অবস্থিত বারইয়ারহাট বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৯৯৯ খ্রীষ্টাব্দের মাধ্যমিক পরীক্ষার্থী সালমা আক্তারকে কেনো ৭৯০ টাকা ইস্যুকৃত চেকে স্বাক্ষর নিয়ে মাত্র ৩৬০ টাকা প্রদানের ব্যর্থ অপচেষ্টা চালানো হয়? সালমা আক্তার তো নির্বাচনী পরীক্ষায় যে ২৪ জন ছাত্রী প্রাথমিকভাবে চূড়ান্ত পরীক্ষায় অংশ নেয়ার জন্য নির্বাচিত হয়েছিলো তাদের অন্যতম। অথচ ৫০ জন চূড়ান্ত পরীক্ষার্থীর মধ্যে দ্বিতীয় ২৬ জনের অনেকেও নাকি পুরো ৭৯০ টাকা পেয়ে গিয়েছিল কোন এক বামহাতের কল্যাণে! সে যাহোক সালমা আক্তারসহ আরো ৩ জন ছাত্রীকে ৭৯০ টাকা ইস্যুকৃত চেকে স্বাক্ষর নিয়ে মাত্র ৩৬০ টাকা দিতে চাওয়ার অপচেষ্টার প্রতিবাদে ৪ জন ছাত্রীই সেদিন কোন টাকাই নেয়নি। তবে কাজের কাজটি করেছিলো সালমা আক্তারই; সে টাকা না নিলেও তার স্বাক্ষরকৃত চেকটি সে সাথে করে নিয়ে আসে। ১৬-৩-৯৯ তারিখে ৭৯০ টাকা ইস্যুকৃত সালমা আক্তারের চেকটির নম্বর ছিল এফএসএসপি ৯৫-০৬৮৭০, আর ছাত্রী আইডি নং-২০৯০। জনতা ব্যাংক, করেরহাট শাখার অনুকূল উক্ত চেকটি এখনো প্রমাণ হিসেবে আমার কাছে থাকলেও ইতোপূর্বে এ ব্যাপারে সহযোগী কয়েকটি সংবাদপত্রে এ অনিয়মের বিরুদ্ধে লেখা প্রকাশিত হবার পর, প্রতিক্রিয়ায় 'বিদ্যালয় কর্তৃপক্ষ' স্বাক্ষরকৃত একটি প্রতিবাদপত্রে আমার লেখাকে ভিত্তিহীন ও বানোয়াট আখ্যায়িত করে বলা হয়েছে- এটা কুচক্রীমহলের ষড়যন্ত্র। আমি বিদ্যালয় কর্তৃপক্ষকে এ ব্যাপারে চ্যালেঞ্জ ছুড়ে দিচ্ছি যে, আপনারা নিজেদের অপরাধ লুকোতে শাক দিয়ে মাছ ঢাকার অপচেষ্টা চালালেও এখনো চেকটি আমার কাছে প্রমাণ হিসেবে রয়ে গেছে। আমার বিশ্বাস, যেখানে একটি অপরাধ ঢাকতে স্বয়ং বিদ্যালয় কর্তৃপক্ষই উঠেপড়ে লেগে গেছেন, সেখানে এ ব্যাপারটাকে আরেকটু নাড়াচাড়া করলে আরো কতো কি বেরিয়ে আসে কে জানে?

মোহাম্মদ ইব্রাহীম খলিলুল্লাহ
বারইয়ারহাট, মীরসরাই
চট্টগ্রাম-৪৩২৬।